

“জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার”

“জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে  
জাতীয় দায়িত্ব পালন করুন”



# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

www.kgdcl.gov.bd

## গ্যাস দুর্ঘটনা প্রতিরোধকল্পে সতর্কীকরণ বিজ্ঞপ্তি

- ❖ অকারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখবেন না। রান্না শেষে গ্যাসের চুলাটি বন্ধ করুন।
- ❖ গ্যাস স্বল্পতাজনিত বা অন্য কোন কারণে চুলাটি আপনা আপনি নিভে গেলেও সতর্কতার সাথে চাবিটি বন্ধ করা হয়েছে কি-না তা নিশ্চিত হোন।
- ❖ চুলা জ্বালানোর কমপক্ষে ১৫/২০ মিনিট পূর্বে রান্না ঘরের দরজা জানালা খুলে অবাধ বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত করুন।
- ❖ রান্না ঘরের জানালা সবর্দা খোলা রাখুন। জানালা না থাকলে পর্যাপ্ত ভেন্টিলেশন এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ❖ মাঝে মাঝে সাবান/শ্যাম্পুর ফেনা ছিটিয়ে চুলার নব/পিতলের চাবির সংযোগ স্থলে কোনরূপ বুদবুদ সৃষ্টি তথা লিকেজের আলামত আছে কি-না তা নিজেই পরীক্ষা করুন। কোন লিকেজ পরিলক্ষিত হলে দক্ষ ফিটার/মিস্ত্রী দ্বারা তা মেরামত করে পরীক্ষা করে নিশ্চিত হয়ে নিন। প্রয়োজনে কর্ণফুলী গ্যাসের অনুমোদিত ঠিকাদার (কোম্পানির ওয়েবসাইট থেকে) এর সহায়তা নেয়া যেতে পারে।
- ❖ রাইজার বা উৎস লাইনে লিকেজের আলামত পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে কোম্পানির জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কক্ষে অভিযোগ করুন।
- ❖ গ্যাস লিকেজ বা দুর্ঘটনার পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য আপনার আঙ্গিনায় স্থাপিত গ্যাস রাইজারটিতে অবাধ যাতায়াত নিশ্চিত করুন।
- ❖ গ্যাস রাইজারটি কোনভাবেই লোহার গ্রীল কিংবা শীট/বক্স দ্বারা আবদ্ধ করবেন না এবং গ্যাস লাইনের উপর কোনরূপ অবকাঠামো নির্মাণ করবেন না।
- ❖ গ্যাস পাইপ লাইনের সল্লিকটে কোন দাহ্য পদার্থ রাখা বা বৈদ্যুতিক লাইন স্থাপন করা থেকে বিরত থাকুন।
- ❖ গ্যাস বিক্রয় চুক্তির ‘৭’ নং অনুচ্ছেদ অনুযায়ী রেগুলেটর এর নির্গমনদ্বার হতে চুলা পর্যন্ত অভ্যন্তরীণ পাইপলাইনের কোনরূপ ত্রুটি বা ছিদ্রের জন্য কোম্পানি দায়ী হবে না।
- ❖ গ্রাহক নিজ খরচে ও স্ব-উদ্যোগে প্রতি ২/৩ বৎসর পর পর কোম্পানির তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে ও কোম্পানির উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে রেগুলেটর এর নির্গমনদ্বার হতে চুলা পর্যন্ত অভ্যন্তরীণ লাইনের চাপ পরীক্ষা করে লিক-প্রুফ হওয়ার বিষয়টি নিশ্চিত করিবেন।

জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-উত্তর (ষোলশহর অফিস)	জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-দক্ষিণ (হালিশহর অফিস)
হট লাইন: ১৬৫১২	হট লাইন: ১৬৫১২
ফোন : ০৩১-৬৫৫৭৯৬	ফোন : ০৩১-২৫১৬৬২০, ০৩১-২৫২৬৬০৪
মোবাইল : ০১৭৩০-৭২৮৪৪৪	মোবাইল : ০১৭৭৭-৭১৭৬০৮

আপনার সচেতনতাই পারে বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা করতে।

কেজিডিসিএল কর্তৃপক্ষ